



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রাহেদ হোসেন পরিচালক
সভার তারিখ	১৬ নভেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১:৩০
স্থান	সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগামার-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অভিযোগ ব্যবস্থাপনা (GRS) কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২: সভায় আগামী ৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও GRS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত-৩: সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়টি অংশীজন (Stakeholder) সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৬.২২.১৭৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯
০৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ৫) উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৬) নির্বাহী প্রকৌশলী, ডেক্স-১/২/৩/৪, ডিজাইন-১/২/৩, বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৭) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১০) উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১১) প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৩) সহকারী প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৪) পিএ টু প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থে)
- ১৫) পিএ টু পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)



ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার